# বার্ষিক প্রতিবেদন




# ২০১৩ ইং

---

প্রতিবেদন প্রনয়নে


**প্রধান অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট **(ওআরএ)**

জেমিনি টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ

মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৭১৫৩৮৯৬৩৮

**ঢাকা অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট **(ওআরএ)**

২৭১ / ৭, নীচ তলা, জাফরাবাদ, শংকর,মোহাম্মদপুর,ঢাকা-১২০৭

ফোন:৯১২৯৪১০. মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৫৫২৩৮৮০৭৫


Email: oradhakaora@yahoo.com

ওআরএ কর্তৃক পচালিত বিদ্যালয় বিহীন গ্রমে বিদ্যালয়ে বার্ষি ক্রীড়া
প্রতিযোগীতায় দড়ি খেলা পরিচালনা করছেন সংস্থার নির্বাহী পরিচালক

বিএনএফ -এর আর্থিক সহায়তায় পরিচালিত কর্মসুচীর উপকার
ভোগীদের আয় বৃদ্ধির লক্ষ্যে হাঁস বিতরন করা হচ্ছে।

# বিভিন্ন কর্মসুচী সংক্রান্ত কিছু ছবি

উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী শিক্ষার্থীকে হুইল চেয়ার প্রদা করা হচ্ছে। অনুষ্ঠানে উপষি্থত ছিলেন সর্ব বামে করিমগঞ্জ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা এবং ওআরএ এবং ব্র্যাক-এর কমকর্তা বন্ধ



মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি কর্মসূচীর শিক্ষা সেশন শেষে শিশুদের মাঝে পুষ্টিকর খাবার পরিবেশন করছেন কর্মসূচীর বলান্টিয়ার।

# বার্ষিক প্রতিবেদন

# ২০১৩ ইং

---

প্রতিবেদন প্রনয়নে

**প্রধান অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

জেমিনি টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ

মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৭১৫৩৮৯৬৩৮

**ঢাকা অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

২৭১ / ৭, নীচ তলা, জাফরাবাদ, শংকর,মোহাম্মদপুর,ঢাকা-১২০৭

ফোন:৯১২৯৪১০. মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৫৫২৩৮৮০৭৫

উসধরষ: ড়ৎধফযধশধড়ৎধ@ুধযড়ড়.পড়m

# ভূমিকা

হাওর বাওরের অঞ্চল কিশোরগঞ্জ জেলা। সারা দেশের ন্যায় এখানেও রয়েছে বেকারত্ব,অন্ন, বস্ত্র, শিক্ষা,চিকিৎসা ও বাসস্থানের অভাব। এ সকল বিবিধ সমস্যা সমাধান করে তাদের উন্নয়ন কল্পে অর্গনাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেনট (ওআরএ) সংস্থাটি ১৯৮৮ সালের ১লা জুন থেকে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার রামনগর গ্রামে প্রতিষ্ঠা লাভ করে। হাজারো সমস্যাযুক্ত দরিদ্র মানুষের সমস্যা সমাধান করা ও,আর,এ এর একার পক্ষে সম্ভব নহে। ওআরএ জন্ম লগ্ন থেকে দরিদ্র মানুষের দারিদ্রতা বিমোচনের লক্ষ্যে সমস্যা সমাধানের কৌশলগুলো বাতলিয়ে সে মোতাবেক কাজ করার প্রয়াস চালিয়ে যাচেছ। কিন্তু প্রকৃত পক্ষ্যে গরীব মানুষের উন্নয়ন বিভিন্ন কারণে বাধাগ্রস্ত হচ্ছে। তবে ওআরএ-এর নূন্যতম অভিজ্ঞতা থেকে এ উপলব্ধি হয়েছে যে যাদের জন্য উন্নয়ন তাদেরকে যদি বিশেষণমুখী সচেতন করে উদ্ভোদ্ধ করা যায় তাহলে হয়ত বা কাজগুলো টেকসই হবে। এ প্রেরণা থেকে ২০০৬ ইং থেকে ওআরএ-এর প্রতিটি কর্মসূচীই Community Led Approach-এ করার জন্য কর্মী বাহিনীকে তৈরী করা হচ্ছে। আশা করা যায় ভবিষ্যতে কাজের টেকসই ও গ্রহন যোগ্যতা অনেকাংশে বৃদ্ধি পাবে।

ও,আর,এ বর্তমানে বিভিন্ন দাতা ও সহযোগী সংস্থার আর্থিক ও কারিগরী সহযোগিতায় বিভিন্ন উন্নয়ন মূলক কর্মসুচী চালিয়ে যাচেছ। এ প্রতিবেদনে ও,আর,এ এর কার্যক্রমের কিছুটা হলেও প্রতিফলন ঘটবে।

এই রিপোর্ট তৈরীতে যারা সহযোগিতা করেছেন তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রতিবেদনের মাঝে কোন ভূল ত্রুটি পরিলক্ষিত হলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে ভবিষ্যৎতে শুধরানোর জন্য পরামর্শ প্রদান করলে কৃতজ্ঞ থাকব।

শুভেচছান্তে,
এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী পরিচালক
ও,আর,এ, কিশোরগঞ্জ।

# অফিস পরিচিতি

| প্রধান অফিস : | ঢাকা অফিস: |
|---|---|
| অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট<br>(ও.আর.এ)<br>জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ<br>মোবাইল ঃ ০১৭১১৬২২৬০৯,০১৭১৫৩৮৯৬৩৮ | অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট (ও.আর.এ)<br>২৭১/৭ (নীচ তলা) জাফরাবাদ, শংকর, মোহাম্মদপুর,ঢাকা-১২০৭<br>মোবাইল ঃ০১৭১১৬২২৬০৯,০১৫৫২৩৮৮০৭৫<br>ফোন ঃ ৯১২৯৪১০<br>ইমেইল: oradhakaora @ yahoo.com |

## শাখা অফিস

| ও,আর,এ-করিমগঞ্জ শাখা | ও,আর,এ-নিয়ামতপুর শাখা | ওআরএ- নানশ্রী শাখা |
|---|---|---|
| করিমগঞ্জ, কিশোরগঞ্জ।<br>(ক্ষুদ্র ঋন স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, এবং গ্রহায়ন কর্মসুচী)<br>০১৭১২-১৫৩০৫৭ | নিয়ামতপুর, করিমগঞ্জ, কিশোরগঞ্জ<br>প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ওশিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা এবং ঋন কর্মসুচী<br>০১৭২৯৫৫৫৯৪৫ | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী<br>করিমগঞ্জ, কিশোরগঞ্জ<br>(ক্ষুদ্র ঋণ ও দাতব্য চিকিৎসা)<br>০১৭১২৯১৩৩৮৩ |

ভূমিকা:

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) একটি সমাজ সেবা মুলক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের আত্নপ্রকাশ ১৯৮৮ সালের ১ লা জুন কিশোরগঞ্জ জেলার অর্ন্তগত করিমগঞ্জ উপজেলার জয়কা ইউনিয়নের রামনগর নামক অবহেলিত এক নির্ভৃত পলীতে। এর উদ্যোগতা এবং প্রতিষ্ঠাতা হলেন এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম। শুরুতে অর্গানাইজেশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ও,আর,ডি) নামে ইহা দেশের বৃহত্তর জনগোষ্ঠী যারা সমাজে অবহেলিত, জীবন যাত্রা সাধারন মানের নীচে অবস্থান করছে তাদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৪ এপ্রিল ১৯৯১ ইং তারিখ সমাজসেবা বিভাগ ময়মনসিংহ কর্তৃক নিবন্ধীকৃত হয় যার নিবন্ধন নম্বর কিশোর ০১৬৫ কিন্তু ১৯৯৪ ইং সনে এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধন করার সময় সংস্থার নাম কিছুটা পরিবর্তন করে বর্তমান নামকরন অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) করে নিবন্ধন করা হয়। যার নিবন্ধন নম্বর ৮২৮ তারিখ ০৯-০৫-১৯৯৪ ইং। পরবর্তীতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক নিবন্ধীত হয় এবং যার নিবন্ধন নং ২০২/০৬ তারিখ ২৩-০৫-২০০৬ ইং এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অর্থরিটি কর্তৃক নিবন্ধনকৃত হয় এবং যার নিবন্ধন নং ০৪১২১-০১৩৭০-০০১৮৭

সংস্থার লক্ষ্য :

সমাজে পিছিয়ে পড়া দরিদ্র অবহেলিত পুরুষ ও মহিলা জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়ণ।

সংস্থার ভিশন :

স্থানীয় এবং বহিরাগত সম্পদ বিশেষ করে মানব, কৃষি, পশু ও পানি সম্পদের মত আরও কিছু সম্পদ সমাবেশীকরনের মাধ্যমে প্রকল্প এলাকাস্থ দুস্থ, গরীব, ক্ষমতা বঞ্চিত গ্রামীন এবং শহরের পুরুষ ও মহিলাদের জীবনের মান উন্নয়ন করে সমাজে তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

সংস্থার উদ্দেশ্য :

সংস্থা তার মূল লক্ষ্যকে সামনে রেখে নিম্নোক্ত উদ্দেশ্য সাধনের জন্য বিভিন্ন কর্মসুচীর মাধ্যমে কাজ করে যাচেছ :

- লক্ষিত জনগোষ্ঠীকে দল গঠন এবং সঞ্চয়ের অভ্যাসের মাধ্যমে সঞ্চয় তহবিল গঠন করা।
- সংগঠিত দলে ঋন দানের মাধ্যমে আয় ও কর্মসংস্থানের সৃষ্টি করা।
- অতি দরিদ্র পরিবারের খাদ্য অনিশ্চয়তা কমিয়ে এনে আয় ও কর্ম সংস্থান বৃদ্ধি করা।
- শিক্ষা কার্যক্রমের মাধ্যমে কর্ম এলাকায় সাক্ষরতার হার বৃদ্ধি করা।
- নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি উন্নয়নে বিভিন্ন কর্মসুচী গ্রহণ।
- ঔষধ সহ বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান ।

- স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন কর্মসুচী ।
- কৃষি, পশু সম্পদ, বনায়ণ ও মৎস সম্পদের উন্নয়ন।
- শিক্ষার মাধ্যমে পরিবেশ ও ব্যক্তি স্বাস্থ্যের উন্নয়ন সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।
- দল গঠনের মাধ্যমে নারীর ক্ষমতায়ন করা এবং ভোটার এডুকেশনের মাধ্যমে গনতন্ত্রায়ন।

বর্তমান কর্ম এলাকা :

| জেলা | | উপজেলার | | ইউনিয়ন | | গ্রাম/ মহল্লা |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | নাম | সংখ্যা | নাম | সংখ্যা | নাম | |
| ০১ | কিশোরগঞ্জ | ১ | কিশোরগঞ্জ সদর | ০১ | কিশোরগঞ্জ পৌর সভা | ০৯ |
| | | | | ০২ | বৌলাই | ০৪ |
| | | | | ০৩ | রশিদাবাদ | ০২ |
| | | ০২ | করিমগঞ্জ | ০১ | করিমগঞ্জ | ০৮ |
| | | | | ০২ | নিয়ামতপুর | ০৬ |
| | | | | ০৩ | সুতারপাড়া | ১০ |
| | | | | ০৪ | কাদিরজঙ্গল | ০১ |
| | | | | ০৫ | গুজাদিয়া | ০১ |
| | | | | ০৬ | নোয়াবাদ | ১৯ |
| | | | | ০৭ | গুনধর | ১৬ |
| | | | | ০৮ | জয়কা | ১০ |
| | | | | ০৯ | দেহুন্দা | ০২ |
| | | | | ১০ | বারঘরিয়া | ০৭ |
| | | | | ১১ | জাফরাবাদ | ০৩ |
| | | ০৩ | তাড়াইল | ০১ | দাহিমা | ০৪ |
| মোট | ০১ | ০৩ | | ১৫ | | ৯২ |

**বর্তমান কর্মসুচী :**

- দল গঠন ও সঞ্চয় তহবিল গঠন।
- ঋনদান এবং আয় ও কর্মসংস্থান সৃষ্টি।
- আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা
- নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন।
- দাতব্য চিকিৎসালয় পরিচালন।
- প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসূচী ।
- হাইজিন,ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন কর্মসুচী
- স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন কর্মসুচী ।
- শিক্ষা সংক্রান্ত সেমিনার/কর্মশালার আয়োজন করা।
- শিশু অধীকার সংরক্ষন বিষয়ক কর্মসুচী পালন।
- কৃষি, পশু ও মৎস সম্পদের উন্নয়ন।
- প্রশিক্ষন (সাধারন ও কারিগরি)।

**মোট লক্ষিত জনগোষ্ঠী:**

| কর্মসুচীর ধরন | দলের সংখ্যা | পরিারের সংখ্যা | লক্ষিত জনগোষ্ঠী |
|---|---|---|---|
| ক্ষুদ্র ঋন কর্মসুচী | ১৫২ | ১৯৮০ | ৯৯০০ |
| সমন্বিত উন্নয়ন কর্মসূচী | - | ১৯০৫ | ৯৫২৫ |
| মোট | ১৫২ | ৩৭৭৬ | ১৯৪২৫ |

মোট কর্মী:

| পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|
| ১৬ | ৫৩ | ৬৯ |

প্রকল্প ভিত্তিক কর্মীর বিবরন :

| ক্র:নং | কর্মসূচীর নাম | নিয়মিত কর্মী | | | প্রকল্প কর্মী | | | সর্ব মোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পু: | ম: | মোট | পু: | ম: | মোট | পু: | মহিলা | মোট |
| ০১ | দল গঠন ও ঋন দান কর্মসূচী | ০৫ | ০৩ | ০৮ | - | - | - | ০৫ | ০৩ | ০৮ |
| ০২ | ওয়াটার এন্ড স্যানিটেশন কর্মসূচী | ০১ | ০১ | ০২ | - | - | - | ০১ | ০১ | ০২ |
| ০৩ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ০৫ | ৪০ | ৪৫ | - | - | - | ০৫ | ৪০ | ৪৫ |
| ০৪ | আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ০১ | ০৩ | ০৪ | - | - | - | ০১ | ০৩ | ০৪ |
| ০৫ | প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসুচী | - | - | - | ০১ | ০৪ | ০৫ | ০১ | ০৪ | ০৫ |
| ০৬ | দাতব্য চিকিৎসালয় পরিচালন | ০২ | ০২ | ০৪ | - | - | - | ০২ | ০২ | ০৪ |
| ০৭ | গৃহায়ন কর্মসুচী | ০১ | - | ০১ | - | - | - | ০১ | - | ০১ |
| | মোট | ১৫ | ৪৯ | ৬৪ | ০১ | ০৪ | ০৫ | ১৬ | ৫৩ | ৬৯ |

বর্তমান দাতা সংস্থার নাম ও কার্যক্রম :

| ক্র:নং | দাতা সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | সংস্থা ও উপকারভোগী | সঞ্চয় ও দল গঠন |
| ০২ | পলী কর্ম সহায়ক ফাউন্ডেশন ও সংস্থা | ঋন দানের মাধ্যমে আয় ও কর্মসংস্থান সৃষ্টি |
| ০৩ | প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রানালয়,বাংলাদেশ সরকার | আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা। |
| ০৪ | ব্র্যাক | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা । |
| ০৫ | এনজিও ফোরাম ,ঢাকা। | ওয়াটার এন্ড স্যানিটেশন |
| ০৬ | বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) | প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসূচী |
| ০৭ | বাংলাদেশ ব্যাংক | গৃহায়ন কর্মসুচী |
| ০৮ | সমাজের দানশীল ব্যাক্তিদের জাকাতের অর্থে | বিনা মূল্যে ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান |

**কর্মসূচী ভিত্তিক পরিচিতি :**

০১. দল গঠন ও সঞ্চয় কর্মসূচী:

ও,আর,এ তার মূল লক্ষ্যের উপর ভিত্তি করে দারিদ্রতা বিমোচন প্রচেষ্ঠা সমূহের যে বিষয়টি প্রাধান্য দিয়ে আসছে তা হলো দল সংগঠন। কেননা ও,আর,এ বিশ্বাস করে যে প্রতিটি মানুষেরই সৃষ্টিশীল প্রতিভাসমূহ সুপ্ত থাকে যা বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে ঐ সৃষ্টিশীল প্রতিভাসমূহ বিকশিত করতে পারা যায়। মানুষের সেই সুপ্ত প্রাতিভাকে বিকশিত করতে চাই সাংগঠনিক শক্তি। আর দল সংগঠনের মাধ্যমে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পায় এবং পরস্পরের সৃষ্টিশীল ধারনা, বিশ্বাস, ক্ষমতা একত্রিত হয়ে একটি শক্তি সৃষ্টি হয়। দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে এই সহযোগিতার অভাবের ফলে তাদের উন্নতিকে বাধাগ্রস্থ করেছে, আর এ সুযোগে এক শ্রেনীর স্বার্থান্বেশী মহল তাদের শোষন করছে। এই স্বার্থান্বেশী মহল থেকে পরিত্রান পেতে হলে চাই সাংগঠনিক শক্তি। আর সেই সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে প্রয়োজন অর্থের। কিন্তু সেই অর্থ আসবে কোথা থেকে ? গরীব মানুষের সেই অর্থ আসার একটি বড় উপায় হলো সঞ্চয়। তাই ও,আর,এ তার লক্ষিত জনগোষ্ঠীর মাঝে সঞ্চয়ের অভ্যাস করানোর মাধ্যমে এই তহবিল গঠনের প্রয়াস চালিয়ে যাচ্ছে।

**ডিসেম্বর ২০১৩ ইং পর্যন্ত দল গঠন ও সঞ্চয় তহবিল গঠনের সার্বিক তথ্য :**

| ক্র:নং | বিবরন | পুরুষ | মহিলা | মোট | মোট সঞ্চয় |
|---|---|---|---|---|---|
| ০১ | দল গঠন | ৩০ | ১২২ | ১৫২ | ৮,৫৯,৪৩৮.০০ |
| ০২ | দলীয় সদস্য | ৩৪১ | ১৬৩৯ | ১৯৮০ | |

০২. ঋনদান কর্মসূচী:

ও,আর,এ প্রাথমিক অবস্থায় দলীয় সদস্যদের সঞ্চয় থেকে সংগৃহীত অর্থের মাধ্যমে সংস্থার ঋনদান কর্মসূচী পরিচালনা করে আসছে। পরবর্তীতে ১৯৯২ ইং সনের সেপটেম্বর মাসে পি,কে,এস,এফ-এর সহযোগী সংগঠন হিসেবে এনলিসটেড হয়ে পিকেএসএফ-এর অর্থায়নে অদ্যবদি ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। এ পর্যন্ত সংস্থা পিকেএসএফ থেকে ৩,৩৯,৫০,০০০.০০ টাকা ঋন হিসেবে গ্রহণ করেছে।

পি,কে,এস,এফ এর আওতায় ঘুর্নায়মান তহবিল হিসাবে ডিসেম্বর - ২০১৩ ইং পর্যন্ত৯মোট ঋণ বিতরন করা হয়েছে নয় কোটি আটহল্লিশ লক্ষ একচল্লিশ হাজার দুইশত ( ৯,৪৮,৪১,২০০.০০) টাকা এবং আদায় হয়েছে আট কোটি পচাঁশি লক্ষ পঁচাত্তর হাজার একশত বাইশ (৮,৮৫,৭৫,১২২.০০) টাকা, বর্তমানে মাঠ পর্যায়ে ঋণ স্থিতি আছে বাষট্টি লক্ষ ছয়ষট্টি হাজার আটাত্তর (৬২,৬৬,০৭৮.০০) টাকা।

০২.১.কিশোরগঞ্জ জেলার আওতায় করিমগঞ্জ উপজেলায় পিকেএসএফ-এর সহায়তায় ঋণ দান কর্মসুচী

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ঋণ বিতরন | ৮,০০,০০০.০০ | ৬,৫২,০০০.০০ | |
| ০২ | ঋণ আদায় | ৬,০০,০০০.০০ | ৫,৩৯,৪৯৬.০০ | |
| ০৩ | সঞ্চয় আদায় | ৬০,০০.০০ | ৪৩,০১০.০০ | |

করিমগঞ্জ অফিসের সার্ভিস চার্জ আয়-এর ব্যায় বিবরনী

| ক্র.নং | আয়ের খাত | মোট আয় | ক্র.নং | ব্যায়ের খাত | মোট ব্যায় |
|---|---|---|---|---|---|
| ০১ | সার্ভিস চার্জ আয় | ৫২,৭৭১.০০ | ০১ | কর্মীদের বেতন ভাতা | ৭২,১২০.০০ |
| ০২ | নবায়ন | ৫৭৫.০০ | ০২ | জ্বালানী ও ভ্রমন ব্যায় | ১,৮১২.০০ |
| ০৩ | | | ০৩ | অবচয় খরচ | ২৫,০১১.০০ |
| | | | ০৫ | অবচয় খরচ | ২৫,০১১.০০ |
| মোট | | ৫৩,৩৪৬.০০ | মোট | | ৯৮,৯৪৩.০০ |

বি.দ্র. করিমগঞ্জের আয় বর্হিভূত ব্যায় কিশোরগঞ্জ থেকে মেটানো হয়।

০২.২.কিশোরগঞ্জ জেলার আওতায় কিশোরগঞ্জ উপজেলায় পিকেএসএফ-এর সহায়তায় ঋণ দান কর্মসুচী

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ঋণ বিতরন | ২৭,০০,০০০.০০ | ২৫,৮৯,০০০.০০ | |
| ০২ | ঋণ আদায় | ২৭,০০,০০০.০০ | ২৫,০০,৭৮৯.০০ | |
| ০৩ | সঞ্চয় আদায় | ১,৫০,০০০.০০ | ১,৪৭,৫৯৩.০০ | |

কিশোরগঞ্জ অফিসের সার্ভিস চার্জ আয় -এর ব্যায় বিবরনী

| ক্র.নং | আয়ের খাত | মোট আয় | ক্র.নং | ব্যায়ের খাত | মোট ব্যায় |
|---|---|---|---|---|---|
| ০১ | সার্ভিস চার্জ আয় | ৩,১৫,৮১২.০০ | ০১ | কর্মীদের বেতন ভাতা | ১,৬১,১৬১.০০ |
| ০২ | আনুসাংগিক আয় | ১,৩৮০.০০ | ০২ | যাতায়াত | ১,৫১৫.০০ |
| ০৩ | | | ০৩ | ষ্টেশনারী ক্রয় | ৫,২৯৪.০০ |
| ০৪ | | | ০৪ | প্রডিডেন্ট ফান্ড | ৭,৯২০.০০ |
| | | | ০৫ | বিদ্যুৎ ও জ্বালানী ও অন্যান্য | ১,০০,৩০৯.০০ |
| | | | | | |
| মোট | | ৩,১৭,১৯২.০০ | মোট | | ২,৭৬,১৯৯.০০ |

০৩.নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন :

ক.স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন:

স্বাস্থ্যই সকল সুখের মূল এটা সর্বজন স্বীকৃত। কিন্তু দেশের অধিকাংশ জনগোষ্ঠীর স্বাস্থ্য সচেতনতার অভাবে সারা বৎসর রোগাক্রান্ত হয়ে ভুগতে হয় তাদের। স্বাস্থ্য সচেতনতার অভাব দারিদ্রতার একটি অত্যন্ত গুরূত্বপূর্ন কারন হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। তাই সরকারী কর্মকান্ডের পাশাপাশি ও.আর.এ ১৯৯৩ সাল থেকেই প্রকল্প এলাকায় এনজিও ফোরাম ফর ড্রিকিং ওয়াটার সাপাই এন্ড স্যানিটেশন এর আর্থিক ও কারিগরী সহায়তায় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী চালিয়ে আসছ। স্বাস্থ্য শিক্ষার বিষয়গুলি হলোঃ

→ সকল কাজে নিরাপদ পানি ব্যবহার করা।

→ স্বাস্থ্য সম্মত পায়খানা তৈরী ও ব্যবহার করন।

→ ব্যক্তি স্বাস্থ্য ও পরিস্কার পরিচছন্নতা।

এ কাজ গুলোর সঠিক বাস্তবায়ন কল্পে নিম্নোক্ত কাজগূলু করা হয়: যেমন

- গ্রাম উন্নয়ন কমিটি মিটিং
- উঠান বৈঠক
- স্কুল মিটিং
- দলীয় মিটিং
- ইমাম ওরিয়েন্টেশন

০২.১.কিশোরগঞ্জ জেলার আওতায় করিমগঞ্জ উপজেলায় এনজিও ফোরামের সহায়তায় লোকাল সার্ভিস প্রোভাইডারদের মাধ্যমে এলাকায় গরীব মানুষের মাঝে ঋণ স্লাব বিতরন করার লক্ষ্যে তাদেরকে আর্থিক ভাভে সহায়তা করার জন্য ৪৫,০০০.০০ টাকা প্রদান করা হয়। এ টাকা ঘুর্নায়মান তহবিল হিসেবে ব্যবহার হবে।তবে এ টাকা দিয়ে কোন মুনাফা করা যাবেনা।

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | অর্জন | মোট আয় | মোট ব্যায় |
|---|---|---|---|---|---|
| ০১ | রিং বিতরন | ৩৮০ টি | ৩৫৫ টি | - | - |
| ০২ | রিং স্লাব বিতরন | ১৩০ টি | ১২০ টি | - | - |

০৬. আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা:

বিদ্যালয়বীহিন গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন

শিক্ষা সর্বত্র মানুষের অধিকার হিসাবে স্বীকৃত। বিশ্বব্যাপী শিক্ষার গুরুত্ব তুলে ধরা হচ্ছে , মানুষও ক্রমবর্ধমানভাবে তাতে আগ্রহ প্রকাশ করছে। বাংলাদেশের সংবিধানে সকল নাগরিকের জন্য শিক্ষা 'মৌলিক অধিকার' হিসেবে স্বীকৃত। শিক্ষা প্রসারের সর্বাত্বক চেষ্টা একটি গণতান্ত্রিক উদ্যোগ হয়ে উঠতে পারে । এজন্য দরকার শিক্ষা নীতি ,পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ার গণতন্ত্রায়ন। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট , প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রনালয় শিক্ষা ভবন, ঢাকা এর আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়নের বিদ্যালয় বিহীন গ্রাম মাঝিরকোনায় একটি ৭০ ফুট দীর্ঘ বারান্দা সহ চৌচালা টিনের ঘর তৈরী করা হয়। স্কুল ঘর নির্মানের জন্য ৫,০০,০০০.০০ টাকা দেয়া হয় এভং চুক্তিতেবলা হয় য়ে সংস্থার নিজস্ব আয় থেকে স্কুল পরিচালনা ব্যায় নির্বাহ করার। স্কুল গৃহটি ডিসেম্বর ২০০৪ ইং তারিখে সম্পন্ন করে বর্তমানে ১৫০ জন ছাত্র-ছাত্রী ও চার জন শিক্ষক শিক্ষয়ীত্রি নিয়ে স্কূলটি প্রতিষ্ঠা কারী সংস্থা ও,আর,এ এবং উপজেলা শিক্ষা কর্মকতার্র সার্বিক তত্বাবধানে পরিচালিত হচ্ছে । স্কুলে লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যাবলীও নিয়মিত পরিচালনা করা হয় । গত বছরে বৎসর শেষে ছাত্র ছাত্রীদের মাঝে বাৎসরিক ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় । সে অনুষ্ঠানে প্রধান অথিতী হিসেবে উপস্থিত ছিলেন করিমগঞ্জ উপজেলার উপজেলা শিক্ষা কর্মকর্তা । ২০১৪ ইং তালিখ থেকে স্কুলটি সরকারী করন করা হয়েছে।

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | প্রকৃত খরচ | মোট আয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শিক্ষকদের বেতন | ৩৬,০০০.০০ | ৩৬,০০০.০০ | - | - |

০৬. উপানুষ্ঠানিক শিক্ষা:

০৬.ক. উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা:

কিশোরগঞ্জ জেলার মাঝে করিমগঞ্জ উপজেলার বেশরি ভাগ এলাকাই হলো হাওর এলাকা। বর্তমানে কিশোরগঞ্জে সাক্ষরতার হার প্রায় ৬০%। এর মাঝে করিমগঞ্জের অবস্থা আরও করুন। যা হউক পিছিয়ে পড়া জন গোষ্ঠীর ছেলে মেয়েদের সাক্ষরতার হার বৃদ্ধির লক্ষ্যে ব্র্যাক এর সহায়তায় নভেম্বর-২০০৩ ইং হতে শুরু করে ডিসেম্বর-২০০৫ ইং তারিখ পর্যন্ত ১০ টি শিক্ষা কেন্দের মাধ্যমে ৩০০ জন এবং পরবর্তীতে পুনরায় জানুয়ারী ২০০৬ ইং তারিখ থেকে তিন বৎসর মেয়াদী ১০ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৩০০ জন ছাত্র ছাত্রী ডিসেম্বর-২০০৮ ইং তারিখ এবং EC-এর অর্থায়নে নভেম্বর-২০০৭ ইং থেকে ডিসেম্বর-২০১০ ইং পর্যন্ত সমাজে পিছিয়ে পড়া ছেলে মেয়েদের জন্য ৩৮ স্কুল অতি সফলতার সাথে কোর্স সম্পন্ন করে বর্তমানে তারা উচ্চতর ক্লাশে শিক্ষা চালিয়ে যাচ্ছে । বর্তমানে ব্র্যাক -এর সহায়তায় জানুয়ারী -২০১১ ইং তারিখ থেকে পুনরায় ৪০ টি উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালু হয়েছে যা কি না হাওর এলাকায় ১৬ টি এবং সমতল ভূমিতে ২৪ টি শিক্ষা কেন্দ্র চালু রয়েছে। নিম্নে স্কুলের তথ্য প্রদান করা হলো:

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | প্রকৃত খরচ | উদ্বৃত্ত |
|---|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষন | ১৫,৭২,৬৭২.০০ | ১৫,০১,৪২৫.০০ | ৭১,২৪৭.০০ পরবর্তী বছরে উদ্বৃত্ত টাকা সমন্বয় করা হবে। |
| ০২ | শিক্ষকদের ও পিও দের বেতন ভাতাদি | | | |
| ০৩ | স্কুল ঘৃহের ভাড়া | | | |
| | প্রশিক্ষন | | | |
| | রিফ্রেসার্স | | | |
| | মালামাল পরিবহন | | | |
| | আনুসাংগিক খরচ | | | |

- ব্র্যাক-এর সহায়তায় পরিচালিত স্কুলের তথ্য:

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | গ্রামের সংখ্যা | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ছাত্র | ছাত্রী | |
| | | গুনধর | | ১৬ | ১৯০ | ২৯০ | ৪৮০ |
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | বারঘরিয়া | | ০৭ | ৭২ | ১৩৮ | ২১০ |
| | | নিয়ামতপুর | | ০৩ | ২৮ | ৬২ | ৯০ |
| | | নোয়াবাদ | | ০৮ | ৮৮ | ১৫২ | ২৪০ |
| | | জাফরাবাদ | | ০২ | ২২ | ৩৮ | ৬০ |
| | | জয়কা | | ০৩ | ৩৫ | ৫৫ | ৯০ |
| | | দেহুন্দা | | ০১ | ১২ | ১৮ | ৩০ |
| | | মোট | | ৪০ টি | ৪৪৭ | ৭৫৩ | ১২০০ |

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | প্রকৃত খরচ | মোট আয় | মোট ব্যায় |
|---|---|---|---|---|---|
| ০১ | শিক্ষকদের বেতন | | | | |
| ০২ | আনুসাংগিক খরচ | | | | |
| | | | | | |

০৭. প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসূচী :

ফেব্রুয়ারী-২০০৮ইং থেকে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার হাওর প্রবন সুতারপাড়া ইউনিয়নে অতি দরিদ্র ৩০০ জন মাদের নিয়ে এ কর্মসূচী চালু হয়ে ফেব্রুয়ারী-২০১০ ইং তারিখে প্রকল্পটির কাজ সমাপ্ত হয় । পরবর্তীতে মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা এবং এইচআইভি এইডস প্রতিরোধ

কর্মসুচী নামে ডিসেম্বর-২০১০ ইং তারিখ থেকে করিমগঞ্জ উপজেলার আওতায় সুতারপাড়া ইউনিয়নে প্রকল্পটি চালু হয়ে নভেম্বর-২০১২ ইং তারিখে প্রকল্পটি শেষ হয়। পরবর্তীতে মে, ২০১৩ ইং তারিখ থেকে পুনরায় প্রাথমিক স্বাস্থ্য সেবা ও মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসুচীটি পুনরায় চালু হয়েছে।

কর্মসূচীর লক্ষ্যঃ

লক্ষিত মাদের মাঝে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি সম্পর্কে সচেতনতা সৃষ্টির মাধ্যমে তাদের খাদ্যাভাস পরিবর্তন করে লক্ষিত জনগোষ্ঠীর স্বাস্থ্য পুষ্টির মান উন্নয়ন এবং কিছু আয় ওকর্মসংস্থানের ব্যবস্থা করা ।

কর্মসূচীর উদ্দেশ্য :

- মা ও শিশুদের পুষ্টি সম্পর্কে সচেনতা সৃষ্টি করা।
- শাক সব্জীর বাগান প্রতিষ্ঠা করে পুষ্টির চাহিদা মেটানো।
- ব্যক্তি স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করে কর্মসূচী বাস্তবায়নে
- আয় ও কর্ম সংস্থানের জন ১২ টি পরিবারে আর্থিক সহযোগীতা দান।

**মে -২০১৩ ইং হতে ডিসেম্বর-২০১৩ ইং পর্যন্ত কাজের অগ্রগতি :**

| ক্র.নং | কাজের ধরন | ইউনিট সংখ্যা | সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | সাইন বোর্ড স্থাপন | ০১ টি | ০১ টি |
| ০২ | জরিপ করা | ০১ টি | ৩০০ জন |
| ০৩ | কর্মী ও ভলান্টিয়ারদের মৌলিক প্রশিক্ষণ | ০১ টি | ০৬ জন |
| ০৫ | মাদের সাথে সেশন পরিচালন | ৩৬ টি | ৩০০ জন |
| ০৬ | পুষ্টি প্রদর্শন সেশন | ০৬ টি | ৩০০ জন |
| ০৭ | প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান | ০৬ টি | ০৬ টি |
| ০৮ | হত দরিদ্র পরিবারে হাঁস বিতরন | ০৫ টি করে এক পরিবার | ১২ টি |

| ক্র. নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | প্রকৃত খরচ | মোট উদ্বৃত্ত |
|---|---|---|---|---|
| ০১ | কর্মসুচী সংক্রান্ত খরচ | ১,৬৬,০০০.০০ | ১,৫৭,০১৭.০০ | ৮,৯৮৩.০০ |
| ক | কর্মী ও ভলান্টিয়ারদের মৌলিক প্রশিক্ষন | | | |
| খ | স্বাস্থ্য শিক্ষা সেসন পরিচালন | | | |
| গ | পুষ্টি প্রদর্শন | | | |
| ঘ | শাক সব্জীর বাগান ব্যবস্থাপনা প্রশিক্ষন | | | |
| ঙ | ঔষধ ক্রয় ও বিতরন | | | |
| চ | হাঁস বিতরন | | | |
| **০২** | **প্রশাসনিক খরচ** | | | |
| ক | ভলান্টিয়ার ও কর্মীদের বেতন | ৩১,৫০০.০০ | ২৭,৮০৫.০০ | ৩,৬৯৫.০০ |
| খ | যাতায়াত ভাতা | | | |
| গ | মোবাইল বিল | | | |
| ঘ | ষ্টেশনারী ক্রয় | | | |
| | | | | |

**০৮. স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন কর্মসুচী :**

প্রকল্প এলাকায় স্বল্প আয়ের মানুষের জন্য গৃহায়ন সমস্যা সমাধান কল্পে বাংলাদেশ ব্যাংক-এর গৃহায়ন কর্মসুচীর আর্থিক সহায়তায় গরীব মানুষদেরকে ৩৫,০০০.০০ হাজার টাকার মধ্যে ২২০ থেকে ২৪০ বর্গফুটের টিনের ঘর তৈরী করে

দেয়া হচ্ছে । ঘরের সম্পূর্ন টাকা ৫% হারে সেবা মূল্য সহ সাপ্তাহিক কিস্তির ভিত্তিতে তিন বছরে ফেরৎ যোগ্য । এখন পর্যন্ত কর্ম এলাকায় ৫০ টি পরিবারে ঘর সম্পন্ন করা হয়েছে ।

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | অর্জন | মোট প্রাপ্তী | মোট ব্যায় |
|---|---|---|---|---|---|
| ০১ | গৃহ নিমান | ৫০ টি | ৫০ টি | - | - |
| ০২ | প্রতি ঘর নির্মান খরচ ৩৫,০০০.০০ X ৫০ টি | ১৭,৫০,০০০.০০ | ১৭,৫০,০০০.০০ | ১৭,৫০,০০০.০০ | ১৭,৫০,০০০.০০ |
| | ঋণ আদায় | ১৩,৭০,০০০.০০ | ১৩,৬৮,৬৯২.০০ | | |
| ০৩ | সার্ভিস চার্জ প্রাপ্তি | ১,০৮,৬০০.০০ | ১,০৩,৫৬৩.০০ | | |

**০৯.শিক্ষার মান উন্নয়নে চাহিদা ভিত্তিক কার্যক্রম:**

শিক্ষাই জাতির মেরুদন্ড। এ নীতিকে সামনে রেখেই ওআরএ তার সামর্থ অনুযায়ী শিক্ষার মান উন্নয়নে গনসাক্ষরতা অভিযানের একটি সহযোগী সংগঠন হিসেবে বিভিন্ন কার্যক্রম যথা, সেমিনার ও পাঠক মতামত যাচাই ইত্যাদি কর্মসূচী চাহিদা মোতাবেক আয়োজন ও বাস্তবায়ন করা হয়ে থাকে। এ ছাড়াও আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে আলোচনা অনুষ্ঠান, র‌্যালি ইত্যাদির মাধ্যমে সর্বসাধারণের মাঝে গন সচেতনতা সৃষ্টি করা হয়।

**১০.জাকাত তহবিল :**

বিভিন্ন উন্নয়ন কর্মসুচী চালাতে যেয়ে ওআরএ প্রকৃত অর্থে পংগু ,দুস্থ,এতিম এবং সমাজের হত দরিদ্রদের জন্য স্থায়ীভাবে কোন কর্মসূচী চালু করতে পারেনি। এ উপলব্ধি থেকেই ওআরএ তার কর্ম এলাকায় সমাজের বিত্তবানদের কাছ থেকে জাকাত সংগ্রহ করে গরীব এতিম ছেলেমেয়েদের শিক্ষা এবং পংগু মানুষের জন্য আয় ও কর্মসংস্থান কল্পে কাজ শুরু করে। পরবর্তীতে তা আরও সম্প্রসারিত হয়ে ঘুর্নিঝড় সিডর-এ আক্রান্ত এলাকায় মানুষের সাহায্যার্থে কাজ করে। কিন্তু তা ক্ষণস্থায়ী। পরবর্তীতে অক্টোবর-২০০৮ইং থেকে জাকাতের অর্থে স্থায়ীভাবে গরীব মানুষের বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান শুরু করে। প্রতি মাসে একবার মোবাইল ক্লিনিকের মাধ্যমে রামনগর গ্রামে এবং প্রতি সপ্তাহে এক বার নানশ্রী গ্রামে বিনা মূল্য ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এ কার্যক্রমটি কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার জয়কা ইউনিয়নে পরিচালনা করা হচ্ছে।

| ক্র.নং | কার্যক্রম | লক্ষ মাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | রোগীদের মাঝে স্বাস্থ্য সেবা প্রদান | ৪৮০০ জন | ৪৬২০জন |
| ০২ | রোগীদের মাঝে ঔষধ বিতরন। | ৪৫০০ জন | ৪৩২০ জন |
| ০৩ | ঔষধ ক্রয় বাবদ | ১,৮৮,৫২৮.০০ | - |
| ০৪ | কর্মীর বেতন | ১,৪৪,০০০.০০ | - |

**১১.প্রশিক্ষন:**

জ্ঞান-বুদ্ধি ও সৃজনশীলতা সম্মিলিত জীব হলো মানুষ। মানুষের মাঝেই আছে সৃষ্টিশীল ক্ষমতা। কিন্তু দেখা যায় যে, এ সৃষ্টির ক্ষমতা কারও মাঝে সুপ্ত অবস্থায় থাকে আবার কারো মাঝে সৃষ্টির ক্ষমতা প্রকাশিত হলেও উপযুক্ত পরিবেশ বা ন্যুন্যতম সহায়তার অভাবে প্রসার লাভে বিঘ্ন ঘটে। তাই এ সৃজনশীলতা বিকাশের লক্ষ্যে প্রশিক্ষনের গুরুত্ব অপরিসীম। তাই ওআরএ তার নিজস্ব দক্ষ জনবলের মাধ্যমে কর্মী এবং উকারভোগীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষন প্রদান করা হয়। নিম্নে প্রশিক্ষনের তথ্য প্রদান করা হলো:

অনাবাসিক প্রশিক্ষন :

| ক্র.নং | প্রশিক্ষণের শিরোনাম | মেয়াদ কাল | প্রশিক্ষানার্থীর ধরণ | অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | স্বাস্থ্য কর্মী ও ভলান্টিয়ার | ০৩ দিন | মৌলিক প্রশিক্ষন | ০২ | ০৪ | ০৬ |
| ০২ | উপকারভোগী | ০১ দিন | শাক সব্জীর বাগান | - | ৩০০ | ৩০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ব্যবস্থাপনা | | | |
| ০৩ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা রিফ্রেসার্স প্রশিক্ষণ | ১২ দিন (মাসে ১ দিন) | শিক্ষিকা বৃন্দ | ০৪ | ৪১ | ৪৫ জন |

**১২.খ. যানবাহন সংস্থার স্থাবর/ অস্তাবর সম্পদের একটি পুর্নাংগ তালিকা:**

**যানবাহন ও স্থাবর অস্থাবর সম্পদের তালিকা পরিশিষ্ট-০১**

১২.গ. সংস্থার নিজস্ব আয়ের উৎস ও ব্যায়ের বিবরন:

সংস্থার নিজস্ব আয়ের উৎস হলো সংস্থার সদস্যদের নিয়মিত চাঁদা, প্রশিক্ষন ভেনু থেকে কিছু আয়, এবং সরকারী এবং বেসরকারী দাতা সংস্থা থেকে প্রাপ্ত অনুদান বা ঋণ।

**১২.ঘ. সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বিদেশ ভ্রমনের বিবরন: প্রযোজ্য নহে**

১২.ঙ. সংস্থার ঘুর্নায়মান ঋণ তহবিলের অর্থ বিনিয়োগের খাত ভিত্তিক বিভাজনসহ বিবরন:০১-০১-২০১৩ থেকে ৩১-১২-২০১৩ ইং পর্যন্ত

| ক্র.নং | খাতের বিবরন | ঋণী সংখ্যা | টাকার পরিমান |
|---|---|---|---|
| **০১** | **ক্ষুদ্র ব্যবসা** | **৫৬ জন** | **১৭,০১,০০০.০০** |
| **০২** | **ধান চালের** | **১০ জন** | **৪,৩০,০০০.০০** |
| **০৩** | **মাছের ব্যবসা** | **০১ জন** | **২৩,০০০.০০** |
| **০৪** | **শাখসব্জীর ব্যবসা** | **০৯ জন** | **১,৫৫,০০০.০০** |
| **০৫** | **গরুর ব্যবসা** | **০১ জন** | **৪০,০০০.০০** |
| **০৬** | **ঔষধ ব্যবসা** | **০২ জন** | **১,০০,০০০.০০** |
| **০৭** | **অটো রিকসা** | **২২ জন** | **২,০২,০০০.০০** |
| **০৮** | **মনোহারী** | **৩৫ জন** | **৫,৯০,০০০.০০** |
| | **মোট** | **১৩৬ জন** | **৩২,৪১,০০০.০০** |

**১২.চ.কাজের বিনিময়ে খাদ্য কর্মসুচী,সরকারের বিভিন্ন মন্ত্রনালয় ও অধিদপ্তরের সাথে সম্পাদিত চুক্তির আওতায় বাস্তবায়িত কার্যক্রম ও অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অর্থে বাস্তবায়িত প্রকল্পের বিবরন:**

| ক্র.নং | প্রকল্পের নাম | অর্থ বরাদ্ধের পরিমান | কাজের বিবরন | প্রকল্পের মেয়াদ কাল | দাতা সংস্থার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | **গৃহায়ন কর্মসুচী** | ১৭,৫০,০০০.০০ | কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার নোয়াবদ, জয়কা কাদির জংগল, জাফরাবাদ এবং বারঘরিয়া ইউনিয়নের ভিবিন্ন গ্রমে ৫০ টি ঘর প্রদান করা হয়। | ২০১১ ইং হতে চলমান | বাংলাদেশ ব্যাংক |
| ০২ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ১৫,৭২,৬৭২.০০ ( বরাদ্ধটি এক বৎসরের জন্য) | অবহেলিতপ্রত্যন্ত এলাকার গরীব ছেলে মেয়েদের প্রাথমিক শিক্ষা প্রদান | ২০০2 ই হতে চলমান | ব্র্যাক, ৭৫, মহাখালী,ঢাকা |
| ০৩ | গ্রামীণ ক্ষুদ্র ঋণ কর্মসুচী | ৩২,৪১,০০০.০০ (বরাদ্ধটি এক বৎসরের জন্য) | দল গঠন , সঞ্চয় সংগ্রহ, সামাজিক সচেতনতা সৃষ্টি, এবং ঋণ দান | ১৯৯২ ইং থেকে চলমান | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | ওয়াটার এন্ড স্যানিটেশন | ৪৫,০০০.০০ | লোকাল সার্ভিস প্রোভাইডারদের মাধ্যমে ওয়াটার এন্ড স্যানিটেশন কর্মসুচী পচিালন | ১৯৯৫ ইং থেকে চলমান | এনজিও ফোরাম ফর ড্রিংকিং ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন, লালমাটিয়া,ঢাকা |
| ০৫ | আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ৫,০০,০০০.০০ (এক কালীন) | বিদ্যালয় বিহীন গ্রামে বিদ্যালয় প্রতিষ্ঠা করে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষা প্রদান।স্কুল গ্রহ নির্মান বাবদ পাঁচ লক্ষ টাকা প্রদান করা হয়। | ২০০৬ | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট , প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রনালয় শিক্ষা ভবন, ঢাকা। |
| ০৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা ও মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসুচী | ২,৫০,০০০.০০ | কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার সুতারপাড়া ইউনয়নের সুতারপাড়া, চংনওগা, এবং সাগুলী গ্রামের হত দরিদ্র ৩০০ টি পরিবারে স্বাস্থ্য সেবা সহ চিকিৎসা সেবা প্রদান, মা ও পুষ্টি শিক্ষা সেসন , শাক সব্জীর প্রশিক্ষন এবং প্রতিটি পরিবারে একটি সব্জী বাগান তৈরী করা। | মে,২০১৩ ইং হতে এপ্রিল-২০১৪ | বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) ইনসুরেন্স একাডেমী ভবন মহাখালী, ঢাকা। |
| ০৭ | দাতব্য চিকিৎসা ক্লিনিক পরিচালন | ৪,০০,০০০.০০ | গরীব অসহায়, এতিম, বৃদ্ধ, মা ও শিশুদের ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। জটিল রোগীদের হাসপাতালে রেফার করা হয় | অক্টোবর-২০০৮ ইং হতে চলমান | সমাজের বিত্তবানদের দেয়া জাকাতের অর্থ |

**১২.বার্ষিক রিপোর্টে এ সংস্থায় নিযুক্ত ব্যাক্তিবর্গের (যাদের মাসিক বেতন ও ভাতা ৫,০০০/- টাকা বা তার উর্দ্ধে অথবা এককালীন প্রাপ্তি ১০,০০০/- টাকা বা তার উর্দ্ধে) ) নাম, পদবী, যোগ্যতা,বয়স, জাতীয়তা, মোট বেতন,ভাতা এবং সংস্থার চাকুরী কাল উল্লেখ করে একটি বিবরন সংযুক্ত থাকবে।**

**কর্মীদের তালিকা পরিশিষ্ট-০২**

১৩. উপসংহারঃ

অধিকার আদায় ও দায়িত্বশীল ভূমিকা পালনের ক্ষেত্রে সামর্থ্যতা অর্জনের মাধ্যমে সার্বিক উন্নয়ন কোন কথার কথা নয়। এটা একটি প্রক্রিয়ার ব্যাপারতো বটেই এবং সময়েরও ব্যাপার। তা ছাড়াও রয়েছে দেশের সরকার কর্তৃক গৃহীত নীতিমালা ও বাস্তবায়ন পদক্ষেপ। ভিত্তহীনদের আজকের আর্থ-সামাজিক অবস্থা এবং তাদের অবস্থান যেমন একদিনে ঘটেনি, ঠিক তেমনি এ অবস্থান থেকে তাদের উত্তরণও স্বল্প সময়ের ব্যবধানে ঘটবে না। তবে আমাদের স্বস্ব অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের চেষ্ঠা করে যেতে হবে। বস্তুত পক্ষে পৃথিবীতে কোন চেষ্টাই আজ পর্যন্ত ব্যর্থ যায়নি, যদি না সে চেষ্টায় আন্তরিকতা ও অঙ্গীকারের ক্ষেত্রে কোন প্রকার অভাব না ঘটে। ও,আর,এ মনে করে যদি তাদের দাযিত্বশীল কর্মী বাহিনীকে নিয়ে তার কর্ম এলাকায় সংগঠিত দলীয় সদস্যদের নিয়ে আন্তরিকতার সাথে কাজ করে যায় তবে, জাতীয় উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখতে পারবে। ও,আর,এ প্রকৃত পক্ষে চায় সামর্থ্য অনুযায়ী লক্ষীত জনগোষ্ঠীর মাঝে অংশগ্রহণ ও অংশীদারিত্ব ভিত্তিক কর্ম প্রচেষ্ঠা বাস্তবায়নের মাধ্যমে জনগণের দায়িত্বশীল উন্নয়ন।

পরিশিষ্ট-০১

# যানবাহন ও স্থাবর অস্থাবর সম্পদের তালিকা:

১. যানবাহন

| ক্র. নং | যানের ধরন | সংখ্যা | ক্রয়ের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মটর সাইকেল হোন্ডা ৫০ সিসি | ০১ টি | ১৯৯৫ ইং | - |
| ০২ | মটর সাইকেল ইমা ৮০ সিসি | ০১ টি | ২০১২ ইং | অনুদান হিসেবে প্রাপ্তি |
| ০৩ | জেনারেটর | ০১ টি | ২০০৬ ইং | অনুদান হিসেবে প্রাপ্তি |

০২. স্থায়ী সম্পদের বিবরন:

| ক্র. নং | ধরন | অবস্থান | পরিমান | দাগ নং | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| ০১ | ভূমি | করিমগঞ্জ | ৮.৭৫ | ৪৭৯.৪৭৮.৪৮০ | ৬৭ |
| ০২ | ভূমি | নানশ্রী | ৪.২৫ | ১১৪১ | ২৮৫ |
| ০৩ | দালান কোটা | করিমগঞ্জ | ৪৮/১২' আদা পাকা বিল্ডিং | | |
| ০৪ | দালান কোটা | করিমগঞ্জ | ৩০/১২' আদা পাকা বিল্ডিং | | |
| ০৪ | দালান কোটা | নানশ্রী | ২৫/১২', আদা পাকা বিল্ডিং | | |

০৩. অস্থাবার সম্পদের বিবরন:

| ক্র. নং | সম্পদের ধরন | সংখ্যা | ক্রয়ের তারিখ |
|---|---|---|---|
| ০১ | কম্পিউটার | ০৩ সেট | ১৯৯৬ হতে ২০০২ |
| ০২ | ফটোকপিয়ার | ০২ টি | ১৯৯৯ হতে ২০০২ |
| ০৩ | ল্যান্ড ফোন | ০১ সেট | ১৯৯৮ |
| ০৪ | সনি কালার টিভি ২১" | ০১ টি | অনুদান হিসেবে প্রাপ্তি ২০০৮ ইং সনে |
| ০৫ | কেমেরা | ০২ টি | ২০০৮ ইং হতে ২০১১ ইং |
| ০৬ | রিফ্রিজারেটর | ০১ টি | ২০০৬ ইং |
| ০৭ | ওভারহেড প্রজেক্টর | ০১ টি | ২০০৪ ইং সন |
| ০৮ | ষ্টীল আলমিরা | ০৮ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ০৯ | ফাইল কেবিনেট | ০৪ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১০ | হাফ সেক্রেটারিয়েট টেবিল | ০৫ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১১. | রিভলভিং চেয়ার | ১৫ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১২ | সাধারন টেবিল | ১০ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৩ | সাধারন চেয়ার | ৪০ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৪ | সিলিং ফ্যান | ২৫ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৫ | ফাইল রেক (বড়) | ০৫ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৬ | ফাইল রেক (ছোট) | ০৪ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৭ | প্রশিক্ষন কেন্দ্রের চেয়ার | ৩০ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |
| ১৮ | হোয়াই বোর্ড | ০২ টি | ১৯৮৮ ইং থেকে শুরু করে অদ্যবদি |

তালিকা প্রস্তুতকারী:

**পরিশিষ্ট-০২**

সংস্থায় নিযুক্ত ব্যাক্তিবর্গের (যাদের মাসিক বেতন ও ভাতা ৫,০০০/- টাকা বা তার উর্দ্ধে অথবা এককালীন প্রাপ্তি ১০,০০০/- টাকা বা তার উর্দ্ধে) ) নাম, পদবী, যোগ্যতা,বয়স, জাতীয়তা, মোট বেতন,ভাতা এবং সংস্থার চাকুরী কাল উল্লেখ করে একটি বিবরন সংযুক্ত থাকবে।

০১:

কর্মীর নাম : এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম
কর্মীর পদবী : নির্বাহী পরিচালক
কর্মীর শিক্ষাগত যোগ্যতা : বি,এ, (অনার্স) এম,এ
কর্মীর বয়স : ১৭-০৬-১৯৫৪ ইং
জাতীয়তা : বাংলাদেশী
কর্মীর মোট বেতন/ভাতা : ১৪,৭০০.০০
চাকুরীতে যোগদানের তারিখ : ০১-০১-১৯৯৪ ইং

০২:

কর্মীর নাম : সাইদা সোখায়না
কর্মীর পদবী : পরিচালক
কর্মীর শিক্ষাগত যোগ্যতা : এম,এস,এস
কর্মীর বয়স : ১১-১১-১৯৫৮ ইং
জাতীয়তা : বাংলাদেশী
কর্মীর মোট বেতন/ভাতা : অনারারী ভিত্তিক
চাকুরীতে যোগদানের তারিখ : ০১-০৫-১৯৯৮ ইং

০৩:

কর্মীর নাম :মো: আব্দুস সোবহান
কর্মীর পদবী : উপ-পরিচালক (কর্মসুচী এবং অর্থ)
কর্মীর শিক্ষাগত যোগ্যতা : বি,এ,
কর্মীর বয়স : ৩০-০৬-১৯৫১ ইং
জাতীয়তা : বাংলাদেশী
কর্মীর মোট বেতন/ভাতা : ১১,৫০০.০০
চাকুরীতে যোগদানের তারিখ : ০৪-১০-২০০৯ ইং

০৪.

কর্মীর নাম : মো: আজহারুল ইসলাম
কর্মীর পদবী : প্রকল্প ব্যবস্থাপক
কর্মীর শিক্ষাগত যোগ্যতা : বি,এ
কর্মীর বয়স : ০১-০৫-১৯৭৫
জাতীয়তা : বাংলাদেশী
কর্মীর মোট বেতন/ভাতা : ১০,৫০০.০০
চাকুরীতে যোগদানের তারিখ : ১৮-০৪-১৯৯৮ ইং

০৫:

কর্মীর নাম :মোছা: শাহানা আক্তার
কর্মীর পদবী : হিসাব রক্ষক
কর্মীর শিক্ষাগত যোগ্যতা : এইচ,এস,সি
কর্মীর বয়স : ২৫-১১-১৯৮৫ ইং
জাতীয়তা : বাংলাদেশী
কর্মীর মোট বেতন/ভাতা : ৮,৯০০.০০
চাকুরীতে যোগদানের তারিখ : ০১-১০-২০১১ ইং

০৬:

| | |
|---|---|
| কর্মীর নাম | : মো:মনজুরুল হক |
| কর্মীর পদবী | : সমন্বয়কারী |
| কর্মীর শিক্ষাগত যোগ্যতা | : বি,এ |
| কর্মীর বয়স | : ১২-০২-১৯৮৯ ইং |
| জাতীয়তা | : বাংলাদেশী |
| কর্মীর মোট বেতন/ভাতা | : ৭,২০০.০০ |
| চাকুরীতে যোগদানের তারিখ | : ০১-০১-২০১২ ইং |

কর্মী নং-০৭:

| | |
|---|---|
| কর্মীর নাম | :মো: হাবিবুর রহমান |
| কর্মীর পদবী | : মাঠ সংগঠক |
| কর্মীর শিক্ষাগত যোগ্যতা | : বি,এ |
| কর্মীর বয়স | : ১৫-০২-১৯৮৯ ইং |
| জাতীয়তা | : বাংলাদেশী |
| কর্মীর মোট বেতন/ভাতা | : ৭,৩০০.০০ |
| চাকুরীতে যোগদানের তারিখ | : ০১-০১-২০১১ ইং |

কর্মী নং-০৮:

| | |
|---|---|
| কর্মীর নাম | :আবু বক্কর সিদ্দিক |
| কর্মীর পদবী | : মাঠ সংগঠক |
| কর্মীর শিক্ষাগত যোগ্যতা | : বি,এ |
| কর্মীর বয়স | : ১৩-০৮-১৯৭৩ ইং |
| জাতীয়তা | : বাংলাদেশী |
| কর্মীর মোট বেতন/ভাতা | : ৭,২০০.০০ |
| চাকুরীতে যোগদানের তারিখ | : ১৪-০৭-২০১৩ ইং |

কর্মী নং-০৯:

| | |
|---|---|
| কর্মীর নাম | :মোছা: সুফিয়া আক্তার |
| কর্মীর পদবী | : মাঠ সংগঠক |
| কর্মীর শিক্ষাগত যোগ্যতা | : এইচ,এস,সি |
| কর্মীর বয়স | : ১৫-০৬-১৯৭৫ ইং |
| জাতীয়তা | : বাংলাদেশী |
| কর্মীর মোট বেতন/ভাতা | : ৭,২০০.০০ |
| চাকুরীতে যোগদানের তারিখ | : ০২-০৬-২০১২ ইং |

কর্মী নং-১০:

| | |
|---|---|
| কর্মীর নাম | :মো: হেদায়েতুল ইসলাম |
| কর্মীর পদবী | : মাঠ সংগঠক |
| কর্মীর শিক্ষাগত যোগ্যতা | : এম,এ |
| কর্মীর বয়স | : ১০-১০-১৯৮৯ ইং |
| জাতীয়তা | : বাংলাদেশী |
| কর্মীর মোট বেতন/ভাতা | : ৭,২০০.০০ |
| চাকুরীতে যোগদানের তারিখ | : ০১-০২-২০১৪ ইং |

তালিকা প্রস্তুতকারী :

# বিভিন্ন কর্মসুচী সংক্রান্ত কিছু ছবি



উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী শিক্ষার্থীকে হুইল চেয়ার প্রদান করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সর্ব বামে করিমগঞ্জ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা এবং ওআরএ এবং ব্র্যাক-এর কর্মকর্তা বৃন্দ



মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি কর্মসূচীর শিক্ষা সেশন শেষে শিশুদের মাঝে পুষ্টিকর খাবার পরিবেশন করছেন কর্মসূচীর স্বাস্থ্য কর্মী



ওআরএ কর্তৃক পচালিত বিদ্যালয় বিহীন গ্রমে বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় দড়ি খেলা পরিচালনা করছেন সংস্থার নির্বাহী পরিচালক





বিএনএফ -এর আর্থিক সহায়তায় পরিচালিত কর্মসুচীর উপকার ভোগীদের আয় বৃদ্ধির লক্ষ্যে হাঁস বিতরন করছেন সংস্থার প্রকল্প ব্রবস্থাপক মো: আজহারল ইসলাম


# বিভিন্ন কর্মসূচী সংক্রান্ত কিছু ছবি



উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী শিক্ষার্থীকে হুইল চেয়ার প্রদান করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সর্ব বামে করিমগঞ্জ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা এবং ওআরএ এবং ব্র্যাক-এর কর্মকর্তা বৃন্দ



মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি কর্মসূচীর শিক্ষা সেশন শেষে শিশুদের মাঝে পুষ্টিকর খাবার পরিবেশন করছেন কর্মসূচীর স্বাস্থ্য কর্মী



ওআরএ কর্তৃক পচালিত বিদ্যালয় বিহীন গ্রমে বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় দড়ি খেলা পরিচাল্না করছেন সংস্থার নির্বাহী পরিচালক




বিএনএফ -এর আর্থিক সহায়তায় পরিচালিত কর্মসুচীর উপকার ভোগীদের আয় বৃদ্ধির লক্ষ্যে হাঁস বিতরন করছেন সংস্থার প্রকল্প ব্রবস্থাপক মো: আজহারুল ইসলাম